

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

সংখ্যা-শাঃ১১/৫-১/২০০৭(অংশ)/১৭২

তারিখ : ২৯ চৈত্র ১৪১৭  
১২ এপ্রিল ২০১১প্রজ্ঞাপন

বিষয়ঃ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদরাসা ও কারিগরি) মহিলা শিক্ষক নিয়োগ শিথিলকরণ।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (স্কুল, স্কুল এন্ড কলেজ, কলেজ, মাদরাসা ও কারিগরি) মহিলা শিক্ষক নিয়োগের বাধ্যবাধকতা সংক্রান্ত গত ১৪ মে, ২০০৯ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নিম্নরূপে সংশোধন করা হল :

- (ক) প্রজ্ঞাপনের ২, ৪(১) এবং ৪(৬) এ বর্ণিত “মহানগর ও পৌর এলাকার” স্থলে “মহানগর ও জেলা সদরের পৌরসভার” শব্দাবলী প্রতিস্থাপিত হবে।
- (খ) ৫ অনুচ্ছেদে বর্ণিত এলাকায় মহিলা শিক্ষক নিয়োগের বাধ্যবাধকতা শিথিলকরণ ৩১ ডিসেম্বর ২০১০ তারিখের পরিবর্তে ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হল।
- (গ) ৬(গ) অনুচ্ছেদে বর্ণিত, ইংরেজি, শরীর চর্চা, আরবি, কোরআন ও হাদিস বিষয়ে শিক্ষক নিয়োগের বাধ্যবাধকতা শিথিলকরণ ৩১ ডিসেম্বর ২০০৯ তারিখের পরিবর্তে ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হল।

২। এ সংশোধনীর অংশ ব্যতীত ১৪ মে, ২০০৯ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের অন্যান্য ধারা/অংশ অপরিবর্তিত থাকবে।

৩। গত ৮ ডিসেম্বর ২০১০ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের শিম/শাঃ১৪/বিবিধ-১-৮/২০১০/৬০১ এ জারিকৃত “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (মাদ্রাসা) শিক্ষক নিয়োগে মহিলা কোটা শিথিলকরণ” প্রজ্ঞাপনটি বলবৎ থাকবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত : ১১/০৪/২০১১  
(ডঃ কামাল আবদুল নাসের চৌধুরী)  
সচিব

## উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক প্রকাশিত গেজেটের ৩০০০ কপি  
কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল।)

সংখ্যা-শাঃ১১/৫-১/২০০৭(অংশ)/১৭২

তারিখ : ২৯ চৈত্র ১৪১৭  
১২ এপ্রিল ২০১১

## অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়/উপাচার্য, ইসলামী বিশ্ববিদ্যালয়
- ২। অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্ধে) / (উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়
- ৩। যুগ্ম-সচিব (বিশ্ববিদ্যালয়/কলেজ, /কারিগরি ও মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়
- ৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, / মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৫। চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)/চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,  
ঢাকা/চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৭। উপ-সচিব(মাধ্যমিক/ বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদরাসা) শিক্ষা মন্ত্রণালয়
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়

*মুক্তি*  
(নুমেরী জামান)  
সিনিয়র সহকারী সচিব